বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

প্রশাসন পরিপত্র নং- ১৫/২০১৭ তারিখ ঃ ২৭-০৭-২০১৭ খ্রিঃ

**বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা, ২০১৭ প্রসংগে।**

জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর উপ-অনুচ্ছেদ ১৮(১) এ উল্লেখিত শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি সংক্রান্ত নির্দেশনার আলোকে ব্যাংকের পরিচালনা পর্ষদের ২০-০৬-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮৮তম সভায় বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্পৃহা অক্ষুন্ন রাখা এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি সংক্রান্ত নীতিমালা নিম্নোক্তভাবে অনুমোদন করা হয়, যা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো। উল্লেখ্য নীতিমালাটি ০১ জুলাই, ২০১৭ হতে কার্যকর হবে।

## বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা-কর্মচারী) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা, ২০১৭

১. যে সকল কর্মকর্তা-কর্মচারীর নিয়মিত চাকরিকাল ন্যূনতম ০৫ (পাঁচ) বছর পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ণ বেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা-কর্মচারী জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে অনধিক ১৫ (পনের) দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী যে মাসে ছুটিতে যাবেন সে মাসের অব্যবহিত পূর্ববর্তী মাসের শেষ আহরিত মূল বেতনের সমান অর্থ বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হবেন ;

২. শ্রান্তি বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পূর্ণ বেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে। এ ছুটির হিসাব কর্মকর্তা-কর্মচারীর সার্ভিস বইতে লিপিবদ্ধ করতে হবে ;

৩. ছুটির প্রাপ্যতা সাপেক্ষে একজন কর্মকর্তা-কর্মচারীকে প্রতি ০৩ (তিন) বছর অন্তর একবার এ ছুটি মঞ্জুর করা যাবে ;

৪. দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনে এবং গ্রাহক সেবায় যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে বিভাগ/কার্যালয়/শাখাসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মোট সংখ্যার সর্বোচ্চ এক-পঞ্চমাংশের বেশী একসাথে শ্রান্তি বিনোদন ছুটি প্রদান করা যাবে না। এক্ষেত্রে বিভাগ/কার্যালয়/শাখাসমূহ পদবিওয়ারী জ্যেষ্ঠতার ভিত্তিতে আবেদন বিবেচনা করবে। তবে যে সকল কর্মকর্তা-কর্মচারী অনতিবিলম্বে পিআরএল-এ গমন করবেন তাদের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যাবে। তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ যে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর ছুটি আবশ্যিক বিবেচনা করবেন তাকে অবশ্যই ছুটিতে যেতে হবে ;

৫. একাধিক কর্মকর্তা-কর্মচারী একত্রে এ ছুটির প্রাপ্যতা অর্জন করলে জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং পর্যায়ক্রমে তা মঞ্জুর করা যাবে। তবে যে সমস্ত কর্মকর্তা-কর্মচারী অবসর উত্তর ছুটি (পিআরএল)/চাকরি হতে অবসর গ্রহণ নিকটবর্তী তাদেরকে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা যাবে ;

৬. অবসর উত্তর ছুটিতে গমণকারী কর্মকর্তা-কর্মচারীদের এ ছুটি ও ভাতা প্রদান করা যাবে না ;

৭. কার্যালয়/শাখা পর্যায়ে বিভিন্ন ধরণের জাল-জালিয়াতি রোধ, অভ্যন্তরীণ ঝুঁকি হ্রাস, কর্মক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর অপরিহার্যতা রোধ ইত্যাদি বিবেচনায় কর্তৃপক্ষ স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করবেন। ব্যাংকের স্বাভাবিক কাজকর্ম বিঘ্ন ঘটিয়ে এ ছুটি মঞ্জুর করা যাবে না ;

৮. অর্ধ-বার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারী এবং ১৬ জুন হতে ১৫ জুলাই সময়কালে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের অনুকূলে এ ছুটি মঞ্জুর করা যাবে না। তবে অবসরোত্তর ছুটি আসন্ন কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে এ সময়সূচী শিথিল করা যাবে ;

৯. যদি কোন কর্মকর্তা-কর্মচারী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি প্রাপ্য হন, কিন্তু ব্যাংকের স্বার্থে তাকে তার আবেদনে উল্লেখিত সময়ে ছুটি ও ভাতা প্রদান করা সম্ভব না হয় - তবে তাকে যথাশীঘ্র সম্ভব এ ছুটি ও ভাতা মঞ্জুর করা যাবে এবং তিনি তার প্রথম আবেদনের ০৩ (তিন) বছর পর পরবর্তী ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন। তবে কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির প্রাপ্যতা অর্জন সাপেক্ষে আবেদন করতে পারবেন ;

১০. বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হলো যুগপৎভাবে শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি। অতএব শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি ব্যতিরেকে বিনোদন ভাতা প্রদান করা যাবে না ;

চলমান পাতা-২

১১. অস্থায়ী কিংবা চুক্তি ভিত্তিক নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন না ;

১২. কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শৃংখলাজনিত মোকদ্দমা অনিষ্পন্ন থাকলে তিনি এ ছুটি প্রাপ্য হবেন না। তবে শৃংখলাজনিত মোকদ্দমা নিষ্পত্তি হলে যথারীতি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্য হবেন ;

১৩. কর্মকর্তা-কর্মচারীর ছুটিকালীন দায়িত্ব পালনের বিষয়টি শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে ;

১৪. ব্যাংকের খরচ খাত ১৩৩/৬ সি (Staff Welfare & Recreation Expenses) ডেবিট করে শ্রান্তি বিনোদন ভাতা প্রদান করতে হবে ;

১৫. শ্রান্তি বিনোদন ছুটি ভোগকারী কর্মকর্তা-কর্মচারী অন্যত্র বদলী হলে এলপিসিতে শ্রান্তি বিনোদনসহ অন্যান্য ছুটি ভোগের বিবরণ উল্লেখ করতে হবে ;

১৬. প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে শ্রান্তি বিনোদন ভাতা কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ কর্তৃক প্রদান করা হবে। প্রধান কার্যালয়ের বাইরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ভাতা সংশ্লিষ্ট বেতন প্রদানকারী শাখার মাধ্যমে প্রদান করতে হবে ;

১৭. শ্রান্তি বিনোদন ভাতা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে ;

১৮. কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে (সংযুক্তিঃ ১) আবেদন করবেন ;

১৯. "Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979" এর সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন হলে অত্র নীতিমালা স্বয়ংক্রিয়ভাবে সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন হবে।

২০. নিম্নে উল্লেখিত ক্ষমতা বিন্যাস অনুযায়ী শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা অনুমোদন করা যাবে ঃ

| ক্রমিক নং | অনুমোদনকারী কর্তৃপক্ষ | কর্মকর্তা/কর্মচারীর পর্যায় |
|---|---|---|
| (ক) | ব্যবস্থাপনা পরিচালক | উপ-মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক ও ডিএমডি |
| (খ) | মহাব্যবস্থাপক (প্রশাসন) | মুখ্য কর্মকর্তা, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সহকারী মহাব্যবস্থাপক |
| (গ) | মহাব্যবস্থাপক (বিভাগীয় কার্যালয়) | বিভাগের অধিক্ষেত্রাধীন উর্ধ্বতন কর্মকর্তা |
| (ঘ) | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন, বিভাগীয় কার্যালয়) | বিভাগের অধিক্ষেত্রাধীন কর্মকর্তা এবং বিভাগীয় কার্যালয়, বিনিকা ও কর্পোরেট শাখার কর্মচারী |
| (ঙ) | উপ-মহাব্যবস্থাপক (এইচআরএমডি-১) | প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, কর্মকর্তা ও তদনিম্ন কর্মচারী |
| (চ) | মূখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক | নিজ কার্যালয়, আনিকা ও অঞ্চলাধীন সকল শাখার কর্মচারীগণ |

অনুমোদনক্রমে-

(মোঃ জহির ইকবাল )
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫৬৯১১

চলমান পাতা-৩

প্রকা/এইচআরএমডি-২/২৪(৪)/২০১৭-২০১৮/৩৩০ তারিখ ঃ ২৭-০৭-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।

০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।

০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বিকেবি (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।

০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। নথি/মহানথি।

27/07/2017

(মোঃ আনোয়ারুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ১

বরাবর

তারিখঃ

................................

বাংলাদেশ কৃষি ব্যাংক

.................................. বিভাগ/কার্যালয়/শাখা

..............................

মাধ্যম ঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয় ঃ শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতার জন্য আবেদন।

মহোদয়

আমি বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত আছি। ব্যাংক প্রবর্তিত নীতিমালার আলোকে নিম্নবর্ণিত বিষয়/শর্তাবলী সদয় বিবেচনাপূর্বক শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরির আবেদন করছি।

| | | |
|---|---|---|
| ১। | কর্মকর্তা/কর্মচারীর নাম ও সূচক নং | ঃ |
| ২। | পদবী | ঃ |
| ৩। | বর্তমান কর্মস্থল | ঃ |
| ৪। | জন্ম তারিখ | ঃ |
| ৫। | ব্যাংকের চাকুরিতে প্রথম যোগদানের তারিখ ও পদবী | ঃ |
| ৬। | বর্তমান পদের বেতনের গ্রেড ও স্কেল | ঃ |
| ৭। | বর্তমান মূল বেতন | ঃ |
| ৮। | আবেদনের তারিখ ও উক্ত তারিখে ব্যাংকে মোট চাকরিকাল | ঃ |
| ৯। | সর্বশেষ শ্রান্তি বিনোদন ছুটির আবেদন ও মঞ্জুরির তারিখ | ঃ |
| ১০। | আবেদনকৃত ছুটির সময়কাল | ঃ |
| ১১। | ছুটি শুরুর অব্যবহিত পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতন | ঃ |

আবেদনকারী স্বাক্ষর

(তারিখ ও সীলসহ)

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ/মতামত

আবেদনকারীর উপরোল্লিখিত তথ্যাদি সঠিক আছে। তিনি ব্যাংকের একজন নিয়মিত কর্মকর্তা/কর্মচারী (অস্থায়ী বা চুক্তিভিত্তিক নিয়োজিত নন)। আবেদনকারীকে উল্লিখিত সময়ে ছুটি প্রদান করা হলে বিভাগ/কার্যালয়/শাখার দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনে ও গ্রাহক সেবায় ব্যাঘাত সৃষ্টি হবে না এবং একই সাথে অনুরূপ ছুটি ভোগকারীর সংখ্যা এক-পঞ্চমাংশের অধিক হবে না।

এমতাবস্থায়, নীতিমালার সকল শর্ত পূরণ হওয়া সাপেক্ষে তাকে ......................... হতে ........................ পর্যন্ত ১৫ দিনের শ্রান্তি বিনোদন ছুটি এবং অব্যবহিত পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ বাবদ .......................... টাকা মাত্র বিনোদন ভাতা মঞ্জুরির সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

(তারিখ ও সীলসহ)